মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৭নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) সভা

সভাপতি	ঃ	জনাব নূরুল আশরাফ রাজীব, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান	ঃ	মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।
সভার তারিখ	ঃ	বিকাল ৩.০০ টায় -১০/১২/২০১৮খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WLCC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। পরিষ্কার পরিচ্ছন্নতা প্রসংগে।

৩। পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন প্রসংগে।

৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	পরিষ্কার পরিচ্ছন্নতা প্রসংগে	আলোচনায় জনাব মোঃ তারিক হোসেন, নতুন সেখ পাড়া, মেহেরপুর, সদস্য জানান যে, পৌরসভার বিভিন্ন এলাকায় নিয়মিত রাস্তা ঝাড়ু দেয়া সহ ময়লা আবর্জনা পরিষ্কার করা হয় কিন্তু নতুন সেখ পাড়ায় রাস্তা ঝাড়ু দেয়া হয় না এমন কি রাস্তার পাশের ময়লা আবর্জনাও উত্তলন করা হয় না। এসকল রাস্তায় অনায়াসে পৌর গারবেজ ট্রাক প্রবেশ করে ময়লা সংগ্রহ করতে পারে। তথাপিও কেন ময়লা সংগ্রহ করা হয় না তা আমাদের বোধগম্য নয়।উল্ল্যেখিত এলাকায় ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করছি। মোছাঃ বিউটি খাতুন, মল্লিক পাড়া, সদস্য জানান যে, মল্লিক পাড়ার শহীদ হাজির বাড়ির সামনে একটি ডাস্টবিন থাকলেও তা নিয়মিত পরিষ্কার না হওয়ায় দূর্গন্ধ ছড়িয়ে এলাকার পরিবেশ দূষন	আলোচ্য সমস্যা নিরসনের জন্য পৌর কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো।	কঞ্জারভেন্সি ইন্সপেক্টর মেহেরপুর পৌরসভা।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		করছে। ডাস্টবিনটি নিয়মিত পরিষ্কার করার জন্য কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করছি।		
০৩	পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন প্রসংগে	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন জনাব মোছাঃ রাহাতন, মল্লিক পাড়া, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে,৭নং ওয়ার্ডের নতুন সেখ পাড়া ও মিয়া পাড়ায় নতুন বসতি এলাকা গড়ে উঠেছে। এসকল নতুন বসতি এলাকাসহ পার্শ্ববর্তী এলাকায় পানি সরবরাহ পানির লাইন না থাকায় এলাকা বাসি অনিরাপদ পানি ব্যবহার করে থাকে যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি স্বরুপ। বর্নিত এলাকায় পানির সরবরাহ পাইপ লাইন স্থাপন করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।	৭নং ওয়ার্ডে পানি সরবারহ পাইপ লাইন স্থাপনের জন্য মেয়র, মেহেরপুর পৌরসভা মহোদয়ের নিকট সুপারিশ করা হয়।	পানি সুপার, মেহেরপুর পৌরসভা।
০৪	বিবিধ	আলোচনায় জনাব হামিদা সহ সভাপতি, জানান যে, চলতি মৌসুমে ব্যাপক হারে গৃহ ইমারত নির্মান কাজ শুরু হয়েছে এবং হবে। সকল ইমারত মালিকগন যেন ইমারত নির্মান বিধিমালা মেনে পৌরসভার নক্সা অনুমোদন সাপেক্ষে ইমারত নির্মান করে সে বিষয়ে জনসাধারনকে সচেতন করার জন্য সকল সদসের প্রতি অনুরোধ জনান।	গৃহ নির্মান বিষয়ে জনসাধারনকে সচেতন করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হলো। বিষয়টি টিএলসিসি সদস্যদের অবগত করার জন্য টিএলসিসি সভায় উপস্থাপনের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা।

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর ও পানির বিল পরিশোধ করে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(নুরুল আশরাফ রাজীব)
সভাপতি(WLCC)
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১০/১২/২০১৮, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর সাহেবের বাসভবন ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর ও সভাপতি, ৭নং ওয়ার্ড কমিটি।	[signature]
২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	হামিদা
৩	জনাব মোছাঃ রাহাতন	মল্লিকপাড়া, মেহেরপুর।	রাহাতন
৪	জনাব মোঃ তারিকুল ইসলাম	মল্লিকপাড়া, মেহেরপুর।	[signature]
৫	জনাব মোঃ তারিক হোসেন	নতুন সেখপাড়া, মেহেরপুর।	[signature]
৬	জনাব মোছাঃ কুসুম	মল্লিকপাড়া, মেহেরপুর।	কুসুম
৭	জনাব মোঃ সহল উদ্দিন খান	মল্লিকপাড়া, মেহেরপুর।	
৮	জনাব মোছাঃ বিউটি খাতুন	মল্লিকপাড়া, মেহেরপুর।	বিউটি
৯	জনাব মোঃ মজিবুল হক মিলন	মল্লিকপাড়া, মেহেরপুর।	মিলন
১০	জনাব মোঃ মাসুদ রানা	উপ-সহকারী প্রকৌশলী।	[signature]